DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 21 Nov 2026, 05:38 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় বিপুল পরিমান ইয়াবা আটক

প্রতিবেদক: Bangladesh
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর ২০২৬, ০৮:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর সীমান্তে অভিযান চালিয়ে ১০ হাজার ৫৫ পিস ভারতীয় ইয়াবা জব্দ করেছে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)। এ সময় পাচারের সঙ্গে জড়িত সন্দেহে এক ব্যক্তি একটি প্যাকেট ফেলে পালিয়ে যায়।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে বিজয়নগর উপজেলার চাঁনপুর এলাকায় এ অভিযান চালানো হয়।

বিজিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সরাইল ব্যাটালিয়নের মুকুন্দপুর বিওপির একটি টহলদল সীমান্ত পিলার ২০০৭/৪-এস থেকে প্রায় ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থান নেয়। এ সময় ভারতীয় সীমান্তের দিক থেকে এক ব্যক্তিকে বাংলাদেশের দিকে আসতে দেখে টহলদল তাকে ধাওয়া করে। একপর্যায়ে ওই ব্যক্তি একটি প্যাকেট ফেলে দৌড়ে পালিয়ে যায়।

পরে প্যাকেটটি তল্লাশি করে কসটেপ দিয়ে বিশেষ কৌশলে মোড়ানো অবস্থায় ১০ হাজার ৫৫ পিস ভারতীয় ইয়াবা পাওয়া যায়।

বিজিবি আরও জানায়, জব্দ করা ইয়াবার বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। পরবর্তী সময়ে ধ্বংস

করার জন্য ইয়াবাগুলো ব্যাটালিয়ন সদর দপ্তরে জমা রাখার প্রক্রিয়া চলছে।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর দায়িত্বপূর্ণ ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জের মাধবপুর সীমান্তে নিরাপত্তা রক্ষা ও চোরাচালান প্রতিরোধে অভিযান এবং গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে বলে জানিয়েছে বিজিবি।

এ বিভাগের আরও খবর



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস
ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-bipul-priman-iyaba-atk